# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّافَّات

আয়াতঃ ৩৭ : ১১২

## আরবি মূল আয়াত:

وَ بَشَّرۡنٰهُ بِاِسۡحٰقَ نَبِیًّا مِّنَ الصّٰلِحِیۡنَ ﴿۱۱۲﴾

## অনুবাদসমূহ:

আর আমি তাকে ইসহাকের সুসংবাদ দিয়েছিলাম, সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত একজন নবী হিসেবে, — আল-বায়ান

আর তাকে সুসংবাদ দিয়েছিলাম ইসহাকের- যে ছিল সৎকর্মশীল বান্দাহদের অন্তর্ভুক্ত একজন নবী। — তাইসিরুল

আমি তাকে সুসংবাদ দিয়েছিলাম ইসহাকের, সে ছিল এক নাবী, সৎকর্মশীলদের অন্যতম। — মুজিবুর রহমান

And We gave him good tidings of Isaac, a prophet from among the righteous. — Sahih International

১১২. আর আমরা তাকে সুসংবাদ দিয়েছিলাম ইসহাকের, তিনি ছিলেন এক নবী, সৎকর্মপরায়ণদের অন্যতম।

-

তাফসীরে জাকারিয়া

(১১২) আমি তাকে ইসহাকের সুসংবাদ দিয়েছিলাম, সে ছিল একজন নবী, সৎকর্মপরায়ণদের অন্যতম। [1]

[1] উক্ত ঘটনার পর ইবরাহীম (আঃ)-কে আরো একটি সন্তান ইসহাক ও তাঁর নবী হওয়ার সুসংবাদ দানে বুঝা যাচ্ছে যে, এর পূর্বে যাঁকে যবেহ করার আদেশ দেওয়া হয়েছিল তিনি ইসমাঈল (আঃ) ছিলেন। সেই সময় ইবরাহীম (আঃ)-এর তিনিই একমাত্র পুত্র ছিলেন, ইসহাক (আঃ) তাঁর পরে জন্মগ্রহণ করেন। 'যাবীহ' (যাঁকে যবেহ করতে যাওয়া হয়েছিল তিনি) কে ছিলেন, ইসমাঈল (আঃ) না ইসহাক (আঃ)? এ বিষয়ে মুফাসসিরগণের মাঝে মতভেদ আছে। ইমাম ইবনে জারীরের মতে, তিনি ইসহাক  (আঃ)। কিন্তু ইবনে কাসীর ও অধিকাংশ মুফাসসিরগণের মতে, তিনি ইসমাঈল (আঃ)। আর এটাই সঠিক। ইমাম শাওকানী এই বিষয়ে নীরব।

(বিস্তারিত জানার জন্যে তাফসীর ফাতহুল ক্বাদীর ও তাফসীর ইবনে কাসীর দ্রষ্টব্য)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3900

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন